



রেজিস্ট্রার কার্যালয়  
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল  
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০  
www.bnmc.gov.bd

স্মারক নং বিএনএমসি/প্রশাঃ/২০২৩-৬২৮

তারিখঃ ৩১-০৫-২০২৩ খ্রি:

বিষয়: টাঙ্গাইল ডায়াবেটিক এসোসিয়েশন নার্সিং ইনস্টিটিউট, টাঙ্গাইল সাময়িক অনুমোদন বাতিল প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং (১) ৫৯.০০.০০০০.১৪৩.০৬.০৪.২০ (অংশ)-৩২, তারিখঃ ১৩-০২-২০২৩ খ্রিঃ  
(২) বিএনএমসি/প্রশা-৩৪ (অংশ-৩)/২০২৩-১২৩, তারিখঃ ০৬-০২-২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে গত ০১-০৯-২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক টাঙ্গাইল ডায়াবেটিক এসোসিয়েশন নার্সিং ইনস্টিটিউট, টাঙ্গাইল অনুমোদনের পর হতে অদ্যাবধি শিক্ষা কার্যক্রম পরিচালনা না করায় প্রতিষ্ঠানের অনুমোদন কেন বাতিল করা হবে না সে মর্মে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হয়। স্মারক নং বিএনএমসি/প্রশাঃ/২০২২-৯২৮, তারিখঃ ০২ অক্টোবর ২০২২ খ্রিঃ অনুযায়ী কারণ দর্শানোর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে টাঙ্গাইল ডায়াবেটিক এসোসিয়েশন নার্সিং ইনস্টিটিউট, টাঙ্গাইল কর্তৃপক্ষ কারণ দর্শানোর জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় কাউন্সিলের ২০২৩ সালের ১ম সভায় এ বিষয়ে উপস্থাপন করা হয়। উক্ত সভায় টাঙ্গাইল ডায়াবেটিক এসোসিয়েশন নার্সিং ইনস্টিটিউট, টাঙ্গাইলের অনুমোদন বাতিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে টাঙ্গাইল ডায়াবেটিক এসোসিয়েশন নার্সিং ইনস্টিটিউট, টাঙ্গাইল এর অনুমোদন বাতিল করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

  
31-05-2023

রাশিদা আক্তার

রেজিস্ট্রার (অতি: দা:)

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

প্রাপকঃ

চেয়ারম্যান/পরিচালক/অধ্যক্ষ

টাঙ্গাইল ডায়াবেটিক এসোসিয়েশন নার্সিং ইনস্টিটিউট

টাঙ্গাইল।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। উপসচিব (নার্সিং শিক্ষা শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম।
- ৫। সহকারি প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল। (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। যুগ্মসচিব (নার্সিং শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (যুগ্মসচিব সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। হিসাবরক্ষক, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা।
- ৯। অফিস কপি।